# বাসাইল পৌরসভা কার্যালয়
## বাসাইল, টাঙ্গাইল।

### সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোছাঃ আকলিমা বেগম, প্রশাসক, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল। |
| সভার তারিখ | : ০৪ মার্চ ২০২৫। |
| সভার বার | : মঙ্গলবার। |
| সভার সময় | : সকাল ১০.০০ টা। |
| সভার স্থান | : বাসাইল পৌরসভা মিলনায়তন। |
| উপস্থিতি | : হাজিরা খাতায় সংরক্ষিত। |

অদ্যকার সভা বাসাইল পৌরসভার প্রশাসক জনাব মোছাঃ আকলিমা বেগম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। শুরুতে সভাপতি স্বাগত বক্তব্য রাখেন। তিনি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করতে পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেন।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | **বাস্তবায়নকারী** |
|---|---|---|---|---|
| ০১ | গত ০৪ ফেব্রুয়ারি ২০২৫, অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক সকলকে শুভেচ্ছা জানান। তিনি সবাইকে পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন ও পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | পূর্ববর্তী সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা । |
| ০২ | ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিলের অনুকুলে বরাদ্দকৃত অর্থের বিপরীতে অগ্রাধিকার ভিত্তিতে গৃহীত উন্নয়ন প্রকল্পের প্রাক্কলন অনুমোদন ও দরপত্র আহ্বান প্রসঙ্গে। | সভায় উপস্থিত সহকারী প্রকৌশলী জনাব মো. রবিউল আলম ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিলের অনুকুলে বরাদ্দকৃত অর্থের বিপরীতে বর্ণীত ৩৪টি উন্নয়ন প্রকল্পের তালিকা উপস্থাপন পূর্বক অগ্রাধিকার তালিকা প্রণয়ন ও প্রাক্কলণ অনুমোদনের জন্য সভাকে অনুরোধ করেন।<br>আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন, পৌরসভা থেকে এমন প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে যেখানে অধিকাংশ মানুষ সুবিধা পাবেন। বিষয়টি গুরুত্ব দিয়ে প্রস্তুতকৃত তালিকা থেকে অগ্রাধিকার তালিকা প্রণয়ন করতে হবে।<br>প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা জনাব নূর-ই-লায়লা বলেন, ইতিপূর্বে প্রস্তুতকৃত উন্নয়ন প্রকল্পের তালিকা থেকে অগ্রাধিকার ভিত্তিতে উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য তা যাচাই-বাছাইয়ের জন্য সভাপতি কমিটির সদস্যদের অনুরোধ করেছিলেন। সে প্রেক্ষিতে সরেজমিনে দেখা গেছে প্রস্তাবিত তালিকার ১৮ নম্বর ক্রমিকে উল্লেখিত ০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল পৌরসভার গার্লস স্কুলের পেছনে বিসি রাস্তায় আব্দুল আলিমের বাড়ী থেকে মো. ইউসুফ আলী খানের বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন কাজটির সুবিধাভোগী খুবই কম। এজন্য কাজটি পরবর্তীতে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।<br>সহকারী প্রকৌশলী জনাব মো. রবিউল আলম বলেন, এলাকাবাসীর আবেদনের প্রেক্ষিতে বিভিন্ন প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত তালিকার ৩৩ নম্বরে থাকা ০২ নম্বর ওয়ার্ডের বাসাইল উওরপাড়া বিসি রাস্তা হতে শীল বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন কাজটিও পরবর্তীতে বাস্তবায়ন করা যেতে পারে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে বর্ণীত প্রকল্পগুলোর অগ্রাধিকার তালিকা প্রণয়ন পূবক প্রাক্কলিত মূল্য অনুমোদনের বিষয়ে আলোচনা করেন। | বিস্তারিত আলোচনায় উপস্থাপিত তালিকার ১৮ ও ৩৩ নম্বর প্রকল্পের কাজ আপাতত বাদ রেখে গৃহীত অগ্রাধিকার তালিকা অনুযায়ী ৩২টি প্রকল্পের মধ্যে ০২ ও ৩১ নম্বর প্রকল্পের কাজ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য আরএফকিউ পদ্ধতিতে এবং অপর ৩০টি প্রকল্পের কাজ বাস্তবায়নের নিমিত্তে দরপত্র আহ্বানসহ দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এছাড়া দরপত্র বিজ্ঞপ্তি নম্বর ২০২২/২০২৩, প্যাকেজ নম্বর ০৯ এর ক নম্বর কাজটির প্রাক্কলিত মূল্য ঠিক রেখে সময় বর্ধন ও রিকাস্ট ইস্টিমেট করে অন্যত্র স্থানান্তর পূর্বক বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা। |

| ক্রম | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ০১ | ০৬ নম্বর ওয়ার্ডে বাসাইল-বালিনা কাপেটিং রাস্তা হতে গারামারা বিলের এইচবিবি রাস্তায় আক্কাস মাষ্টার বাড়ীর সামনে ২টি স্থানে পাইপ কালভার্ট নির্মাণ দৈর্ঘ্য ১০.৪৮ মিটার, ডায়া ৯০০ মিলিমিটার। | ৫৩৬০৫৩ | | |
| | | ০২ | ০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল-নলুয়া রাস্তা হতে হাসপাতাল গেট সংযোগ রাস্তায় থানার বাউন্ডারী ওয়াল এর দক্ষিন সীমানা পর্যন্ত বিশেষ পেলিসেডিং নির্মান। দৈর্ঘ্য১১৩ মিটার। | ৯৯৯৩১৩ | | |
| | | ০৩ | ০৪ নম্বর ওয়ার্ডে বাসাইল-টাঙ্গাইল মেইন রাস্তা হতে শাহ্জাহান তামান্না মাদ্রাসার বিএফএস রাস্তার শেষ (মো. দেলোয়ার মিয়ার বাড়ি) হতে মসজিদ পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৮২ মিটার, প্রস্থ ২ মিটার। | ২৯২৯৩৫ | | |
| | | ০৪ | ০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল-মাইজখাড়া রাস্তা হতে জাহাঙ্গীর সাহেবের বাড়ী হয়ে মাঠের শেষ সীমানা পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ১৬০ মিটার, প্রস্থ ২ মিটার। | ৬৩৪৬৮০ | | |
| | | ০৫ | ০৮ নম্বর ওয়ার্ডে বাসাইল-পাথরঘাটা রাস্তা হতে আহলে হাদীস মসজিদের রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ১৭২ মিটার, লিংক ৭২ মিটার, প্রস্থ ২.৪৪ মিটার। | ৮৯১৪৪৫ | | |
| | | ০৬ | ০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল খাল পাড়া রাস্তা হতে মো. সুমন মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ১৪ মিটার, প্রস্থ ২ মিটার। | ১০৫০২৪ | | |
| | | ০৭ | ০৪ নম্বর ওয়ার্ডে বাসাইল পশ্চিম পাড়া বায়তুস সালাম (ছাতা) জামে মসজিদের কবরস্থানের রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৬০ মিটার, প্রস্থ ২ মিটার। | ২১৪৩৪৩ | | |
| | | ০৮ | ০৪ নম্বর ওয়ার্ডে বাসাইল কলেজ পাড়া বাসাইল টাঙ্গাইল মেইন রোড হতে মো. এনামুল করিম মিঞা এর বাড়ী পর্যন্ত এইচবিবি দ্বারা রাস্তা নির্মান। দৈর্ঘ্য ৪৪ মিটার, প্রস্থ ৩ মিটার। | ৩৫৪৩১৫ | | |
| | | ০৯ | ০৭ নম্বর ওয়ার্ডে বাসাইল পূর্বপাড়া সার্বজনীন শ্রী শ্রী দূর্গা মন্দির থেকে গৌরাঙ্গ মোহন সরকার এর বাড়িস্থ শ্রী শ্রী শিব মন্দির পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৫১ মিটার, প্রস্থ ২ মিটার। | ৩৭৬৯০৫ | | |
| | | ১০ | বাসাইল পৌর এলাকার বিভিন্ন গুরত্বপূর্ন স্থানে ১৪টি নতুন সড়কবাতি স্থাপন ও বিভিন্ন স্থানে পুরাতন সড়কবাতি মেরামত করন কাজ। | ২৮৬৭৫২ | | |
| | | ১১ | ০৭ নম্বর ওয়ার্ডে ব্রাম্মণপাড়িল সরকারি প্রাথমিক বিদ্যালয় এর রাস্তা মেরামত। দৈর্ঘ্য ৮৫ মিটার, প্রস্থ ২.১৪ মিটার। | ৩০১৪৫০ | | |
| | | ১২ | ০৭ নম্বর ওয়ার্ডে ব্রাক্ষনপাড়িল কবরস্থান এর সীমানা প্রাচীর নির্মান। দৈর্ঘ্য ৫৪ মিটার। | ৫৪১৭৬৫ | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ১৩ | ০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল পৌরসভার ভবন রং করন ও হল রুম মেরামত। | ৭৩৬০৭৭ | | |
| | | ১৪ | ০৮ নম্বর ওয়ার্ডে বাসাইল শ্রী শ্রী সার্বজনীন মহাশ্মান এর সীমানা প্রাচীর নির্মাণ। দৈর্ঘ্য ২৫ মিটার। | ১৮৫৪২৪ | | |
| | | ১৫ | ০৯ নম্বর ওয়ার্ডে বর্নিকিশোরী কবরস্থানের রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৪৪.৫০ মিটার। প্রস্থ ২.১৪ মিটার। | ২৭৫১৫৪ | | |
| | | ১৬ | ০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল উপজেলা স্বাস্থ কমপ্লেক্স এর পাশে গ্যারেজের সামনে র‍্যাম এবং শার্টার দ্বারা মেরামত। | ২৭২১৪৬ | | |
| | | ১৭ | ০৪ নম্বর ওয়ার্ডে বাসাইল পশ্চিমপাড়া ৬৩ নম্বর সরকারি প্রাথমিক বিদ্যালয় এর রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ২৯ মিটার, প্রস্থ ২ মিটার। | ১৯১৭৭১ | | |
| | | ১৮ | ০৬ নম্বর ওয়ার্ডে রফিক মেম্বারের বাড়ী থেকে রুবেলের এর বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৮৫ মিটার, প্রস্থ ২.১৪ মিটার। | ৪৯৯৩৬১ | | |
| | | ১৯ | ০৬ নম্বর ওয়ার্ডে বাসাইল দক্ষিন পাড়া আজাহার মিয়ার বাড়ী থেকে সিদ্দিকুর রহমান এর বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৩০ মিটার, প্রস্থ ২ মিটার। | ১১৯৯৩৫ | | |
| | | ২০ | ০৬ নম্বর ওয়ার্ডে মতিউর রহমান এর বাড়ী থেকে নয়েচ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৫১ মিটার, প্রস্থ ২ মিটার। | ১৮৩২৯৩ | | |
| | | ২১ | ০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল-মাইজখাড়া কার্পেটিং রাস্তা থেকে বড়বাড়ী ফরিদ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৫০ মিটার, প্রস্থ ২ মিটার। | ২২৯০৭৬ | | |
| | | ২২ | ০৮ নম্বর ওয়ার্ডে বাসাইল-মধ্যপাড়া কার্পেটিং রাস্তা থেকে জহের মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৩৭ মিটার, প্রস্থ ২ মিটার। | ১৬৬৫৮৪ | | |
| | | ২৩ | ০৪ নম্বর ওয়ার্ডে বাসাইল-ভাটপাড়া কার্পেটিং রাস্তা থেকে খন্দকার রাসেল এর বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ২৯ মিটার, প্রস্থ ১.৮৩ মিটার। | ১২৩৯৮৩ | | |
| | | ২৪ | ০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল মাখন মেম্বারের বাড়ীর এইচবিবি রাস্তায় সেন্টুর বাড়ী থেকে বজলু উকিলের বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ২৪ মিটার, প্রস্থ ২ মিটার। | ৯৬৭২৭ | | |
| | | ২৫ | ০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল পশু-হাসপাতাল এর পেছন থেকে ফুলচানের বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৮০ মিটার, প্রস্থ ২ মিটার। | ৩৪২৬৯২ | | |
| | | ২৬ | ০৪ নম্বর ওয়ার্ডে বাসাইল ভাটপাড়া এইচবিবি রাস্তা থেকে খিরত মাষ্টার এর | ২২৪৪৭৬ | | |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td></td><td>বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৩৬ মিটার, প্রস্থ ২.৪৪ মিটার।</td><td></td></tr>
<tr><td>২৭</td><td>০৫ নম্বর ওয়ার্ডে বাসাইল বালিনা মন্টু মন্ডলের বাড়ীর সামনে থেকে আবু হানিফ মিয়ার বাড়ী পর্যন্ত বিএফএস দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৯৫ মিটার, প্রস্থ ২ মিটার।</td><td>৪৬১৫৬০</td></tr>
<tr><td>২৮</td><td>০২ নম্বর ওয়ার্ডে বাসাইল-কাউলজানী কার্পেটিং রাস্তা থেকে আরিফ মিয়ার বাড়ী পযর্ন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৫৫ মিটার, প্রস্থ ২ মিটার।</td><td>২৬৮২৮৩</td></tr>
<tr><td>২৯</td><td>০৭ নম্বর ওয়ার্ডে বাসাইল পূর্বপাড়া আনোয়ার বাবুর্চির বাড়ী থেকে কায়ুইম মিয়ার বাড়ী পযর্ন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন। দৈর্ঘ্য ৭৪ মিটার, প্রস্থ ২.১৪ মিটার।</td><td>৫৪৩১৫৩</td></tr>
<tr><td>৩০</td><td>০২ নম্বর ওয়ার্ডে বাসাইল সাহাপাড়া কার্পেটিং রাস্তায় পুকুর পাড় প্যালাসেড়িং দ্বারা মেরামত করন । দৈর্ঘ্য ৮০ মিটার।</td><td>৬৭৪৮৫৭</td></tr>
<tr><td>৩১</td><td>০৬ নম্বর ওয়ার্ডে বালিনা কার্পেটিং রাস্তা থেকে এস আই আলমগীর এর বাড়ীর পাশে এইচবিবি রাস্তায় মাটি দ্বরা মেরামত।</td><td>২৫৪১০০</td></tr>
<tr><td>৩২</td><td>০৭ নম্বর ওয়ার্ডে বাসাইল পূর্বপাড়া রুমেজ মিঞার বাড়ি থেকে রাসেল খান এর বাড়ি পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উউন্নয়ন। দৈর্ঘ্য ১০১ মিটার, প্রস্থ ২ মিটার।</td><td>৩৯৩২৩৫</td></tr>
<tr><td></td><td>মোট =</td><td>১১৭৭৬৮৬৭</td></tr>
</table>
পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য বাসাইল থানার অফিসার্স ইন-চার্জ জনাব মো. জালাল উদ্দিন বলেন, বাসাইল প্রস্তাবিত অগ্রাধিকার তালিকার ০২ নম্বর ক্রমিকে থাকা ০৩ নম্বর ওয়ার্ডে বাসাইল-নলুয়া রাস্তা থেকে হাসপাতাল গেট সংযোগ রাস্তায় থানার বাউন্ডারী ওয়াল এর দক্ষিন সীমানা পর্যন্ত বিশেষ পেলিসেডিং নির্মান কাজটি দ্রুত বাস্তবায়ন করতে হবে। তা না হলে আসন্ন বর্ষার সময় পুকুরের পূর্বপাশের রাস্তা ভেঙে থানার সীমানা প্রাচীর ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভবনা রয়েছে।<br>
সহকারী প্রকৌশলী জনাব মো. রবিউল আলম বলেন, ০৬ নম্বর ওয়ার্ডে বালিনা কার্পেটিং রাস্তা থেকে এস আই আলমগীর এর বাড়ীর পাশে এইচবিবি রাস্তা রয়েছে। যা মেরামত না করা হলে আসন্ন বর্ষায় ভেঙে যেতে পারে। এতে জনদুর্ভোগ বাড়ার সম্ভাবনা রয়েছে। বিধায় কাজটি জরুরী বাস্তবায়ন করা দরকার। তিনি আরও বলেন, দরপত্র বিজ্ঞপ্তি নম্বর ২০২২/২০২৩, প্যাকেজ নম্বর ০৯ এর ক নম্বর কাজ বিশ্বজিৎ এর বাড়ি থেকে কালিবাড়ি মন্দির পর্যন্ত রাস্তা মাটি ও বিএফএস দ্বারা উন্নয়ন কাজটি সীমানা সংক্রান্ত জটিলতার কারণে বারবার চেষ্টা করেও বাস্তবায়ন করা যাচ্ছে না। বিধায় কাজটির প্রাক্কলিত মূল্য ঠিক রেখে সময় বর্ধন ও রিকাস্ট ইস্টিমেট করে অন্যত্র স্থানান্তর পূর্বক বাস্তবায়ন করা যেতে পারে।<br>
বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৩</td>
<td>ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে গৃহীত</td>
<td>প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডা. শার্লী</td>
<td>বিস্তারিত আলোচনায় বাসাইল পৌর এলাকা ডেঙ্গু</td>
<td>পৌর নির্বাহী কর্মকর্তা,</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে। | হামিদ বলেন, বাসাইল পৌর এলাকার ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। পৌর এলাকা ডেঙ্গু মুক্ত রাখতে ফগার স্প্রের মাধ্যমে লার্ভিসাইড ও এডাল্টিসাইড ওষুধ ছিটানোসহ চলমান কার্যক্রম অব্যাহত রাখার পাশাপাশি সরকারি সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | রোগমুক্ত রাখতে স্প্রে প্রদান কার্যক্রম অব্যাহত রাখাসহ সরকারি নির্দেশনা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | বাসাইল পৌরসভা । |
| ০৪ | বাসাইল পৌর এলাকার যানজট নিরসনে রাস্তার দুইপাশে থাকা অবৈধ স্থাপনা উচ্ছেদ প্রসঙ্গে। | পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য বাসাইল থানার অফিসার্স ইন-চার্জ জনাব মো. জালাল উদ্দিন বলেন, বাসাইল পৌর এলাকার বিভিন্ন স্থানে রাস্তার দুইপাশে অবৈধ স্থাপনা রয়েছে। এজন্য জনসাধারণের চলাচল কষ্টকর হয়ে পড়ে। বিশেষ করে বাসাইল-টাঙ্গাইল সড়ক, বাসাইল-পাথরঘাটা ও বাসাইল-নাটিয়াপাড়া সড়কে এ ধরণের স্থাপনা বেশি। পৌর এলাকা যানজট মুক্ত রাখতে ওইসব রাস্তার দুইপাশে থাকা অবৈধ স্থাপনা সরানো প্রয়োজন।<br>আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন, বাসাইল বাজারের পূর্বপাশে নদীর উপর থাকা সেতুতে যানবাহন সহজেই উঠানামা করতে পারে না। সেতুর পশ্চিমপাশে সিএনজি চালিত অটোরিকশা রাখা হয়। সোমবার হাটবারে রাস্তার দুই পাশে ভ্রাম্যমান দোকান বসে। এতে টাঙ্গাইল-বাসাইল-সখিপুর সড়কে যানজটের সৃষ্টি হয়। যানজট এড়াতে প্রাথমিক পদক্ষেপ হিসেবে সেতুটির পশ্চিমপাশে নীচু জায়গা ভরাট পূর্বক সিসি ঢালাই করে সেখানে অটোরিকশা কিংবা অন্যান্য ছোট ছোট যানবাহন রাখা যেতে পারে। এতে কিছুটা যানজট মুক্ত হওয়ার সম্ভাবনা থাকবে।<br>প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডা. শার্লী হামিদ বলেন, বাসাইল থানার পুকুরের পূর্বপাশ দিয়ে স্বাস্থ্য কমপ্লেক্সের পশ্চিম পাশের দেয়াল ঘেষে নতুন রাস্তা তৈরি হচ্ছে। রাস্তাটির কাজ দ্রুত শেষ করতে পারলে ছোট ছোট যানবাহন ওই রাস্তাটি বাইপাস হিসেবে ব্যবহার করতে পারবে। এতে বাসাইল-টাঙ্গাইল সড়কের উপর কিছুটা হলেও চাপ কমবে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | বিস্তারিত আলোচনায় পৌর এলাকা যানজট মুক্ত রাখতে অবৈধ স্থাপনা সংশ্লিষ্টদের নিজ দায়িত্বে সরিয়ে নিতে মাইকিং করণ, বাসাইল বাজারের পূর্বপাশে নদীর উপর থাকা সেতুটির পশ্চিমপাশে নীচু জায়গা ভরাট পূর্বক সিসি ঢালাই করণ, থানার পুকুরের পূর্বপাশে নির্মানাধীন রাস্তার কাজ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা/ সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা । |
| ০৫ | বিবিধ | ক. পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য বাসাইল থানার অফিসার্স ইন-চার্জ জনাব মো. জালাল উদ্দিন বলেন, পৌর এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশ সদস্যরা সার্বক্ষনিক কাজ করে যাচ্ছেন। পৌর এলাকার বিভিন্ন সড়কে সড়ক বাতি স্থাপন করা হয়েছে। তবে বাসাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, থানার আশেপাশেসহ গুরুত্বপূর্ণ কিছু স্থানে আরও সড়ক বাতি স্থাপন জরুরী।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন।<br>খ. পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য বাসাইল উপজেলা প্রকৌশলী জনাব কাজী ফাত্তাউর রহমান বলেন, সারাদেশের সঙ্গে বাসাইল পৌর এলাকাতেও গ্রীষ্মকালে তাপমাত্রা প্রচুর বাড়ে। এক্ষেত্রে গাছের ছায়া মানুষের জন্য খুবই উপকারী। বিধায় পৌর এলাকার বিভিন্ন রাস্তার পাশে বৃক্ষরোপন করা যেতে পারে। এছাড়া পৌর এলাকার প্রতিটি পরিবারের মধ্যে বিশুদ্ধ পানির নিশ্চয়তার জন্য টিউবওয়েল স্থাপন করা যেতে পারে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন।<br>গ. পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক সভাকে জানান, সরকারের টিসিবি কর্মসূচীর আওতায় স্মার্ট ফ্যামিলি কার্ড বিতরণ করা হচ্ছে। বাসাইল পৌর এলাকার জন্য | ক. বিস্তারিত আলোচনায় জরুরী ভিত্তিতে সরেজমিন পরিদর্শন করে গুরুত্বপূর্ণ স্থানে সড়ক বাতি স্থাপনের জন্য পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মত গৃহীত হলো।<br>খ. বিস্তারিত আলোচনায় সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রকল্পের মাধ্যমে বৃক্ষরোপন ও বিশুদ্ধ পানি নিশ্চিত করণের কর্মসূচী গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।<br>গ. বিস্তারিত আলোচনায় পৌর এলাকায় টিসিবির | ক. সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা।<br>খ. সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা।<br>গ. পৌর নির্বাহী কর্মকর্তা, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্ধারিত উপকারভোগীদের মধ্যে একই পরিবারের একাধিকজন হওয়াতে সরকারি নিয়ম অনুযায়ী কার্ড বিতরণ করা যাচ্ছে না। এছাড়া অনেকের কার্ড এখনো পাওয়া যায়নি। নিয়ম অনুযায়ী যাদের পরিবারে একাধিক উপকারভোগী রয়েছে তাদের যাচাই-বাছাই করা ও নতুন উপকারভোগী নির্বাচন করতে তালিকা সংগ্রহ করা প্রয়োজন।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন।<br><br>ঘ. পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৫৫(১) মতে ইতিপূর্বে পৌরসভার বিভিন্ন স্থায়ী কমিটি পুনর্গঠন করা জরুরী।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | উপকারীভোগী নির্বাচনে পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্যদের সহযোগী কর্মচারীদের মাধ্যমে মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করে সহায়তা প্রদান কমিটির সদস্যদের সুপারিশসহ যাচাই-বাছাইয়ের নিমিত্তে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।<br>ঘ. বিস্তারিত আলোচনায় উল্লেখিত আইনের ধারা মতে পৌরসভার স্থায়ী কমিটি পুনর্গঠন করতে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | বাসাইল পৌরসভা । |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.০৩.২০২৫
(মোছাঃ আকলিমা বেগম)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।

স্মারক নং : বাসাপৌর/প্রশা/সাধা-০৮(অংশ-১)/২০১৫-১২১/১ তারিখ : ০৫ মার্চ ২০২৫।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৩. জনাব ........................................................................................., সদস্য, প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটি, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৪. পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৫. হিসাব রক্ষক (ভা.), বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৬. অফিস নথি।

(মোছাঃ আকলিমা বেগম)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।